



ডিজিটাল ডিভাইস ব্যবহারের  
ক্ষেত্রে প্রয়োজনীয় সতর্কতা  
(ডিভাইস চার্জ করার ক্ষেত্রে সাবধানতা,  
Photo-Camera Privacy, Privacy settings/  
Secured Access, data transfer  
and other privacy risks ইত্যাদি)



Digital  
Literacy  
Center



বাশার আমার ফোনে  
একের পর এক  
অপরিচিত নাম্বার থেকে  
মেসেজ আসছে

কী ধরনের মেসেজ?

লেখা থাকে 'আপনি ৫০,০০০  
টাকার লটারি জিতেছেন। পুরস্কার  
গ্রহণ করতে নিচের লিংকে ক্লিক  
করুন' তারপর একটা লিংক দেয়া  
থাকে।

তুমি কী কোনো নতুন  
অ্যাপ ইন্সটল করেছো?

হ্যাঁ, সে তো মাঝে  
মাঝেই করি।

সেই অ্যাপটি ইনস্টল করার জন্য  
ওরা কী তোমার কাছে ফোনের  
কন্ট্যাক্ট (Contact) এবং লোকেশন  
( Location ) এক্সেস চেয়েছে?

হ্যাঁ। এসব প্রশ্ন  
করছো কেন?

তোমার ফোনের কন্ট্যাক্ট (Contact) এর  
তথ্যগুলো কোনো দুষ্টিচক্র পেয়ে গেছে  
এবং এই তথ্য ব্যবহার করে বিভিন্ন  
প্রলোভনমূলক মেসেজ পাঠাচ্ছে।

এখন পুনরায় তুমি লিংকে প্রবেশ করলে  
তোমার ফোনের আরও কিছু গোপন তথ্য  
যেমন- ছবি, ভিডিও এবং ফাইলে পর্যন্ত  
ওরা প্রবেশ করতে পারবে।

এজন্য যেকোনো ডিজিটাল ডিভাইস ব্যবহারের ক্ষেত্রে ডিজিটাল  
নিরাপত্তার বিষয়টিকে খুব গুরুত্ব সহকারে দেখা উচিত।

বলো তো কীভাবে  
ডিজিটাল ডিভাইস নিরাপদ  
রাখতে পারি?

শোনো তুমি অপরিচিত কাউকে তোমার  
ডিজিটাল ডিভাইস ব্যবহার করতে দিবে না  
এবং সবসময়ই তোমার ডিজিটাল ডিভাইসটি  
পাসওয়ার্ড সুরক্ষিত রাখবে।

বন্ধু-বান্ধব বা সহকর্মীদের পাসওয়ার্ড শেয়ার করবে না।

তারপর যেকোনো অ্যাপ ইনস্টল করার সময় খেয়াল রাখতে  
হবে যে অ্যাপটি তোমার ফোনের কোন ফিচারের এক্সেস চাচ্ছে।

খেয়াল রাখবে অ্যাপটি তোমার কাছে কোনো  
অপ্রয়োজনীয় ফিচারের এক্সেস চাচ্ছে কিনা। যদি  
চায় তাহলে অ্যাপটি ডাউনলোড করবে না।

তারপর যেকোনো ডাটা ট্রান্সফারের মাধ্যম (যেমন: ব্লুটুথ, শেয়ার ইট,  
শেয়ার মি) গুলো ব্যবহারের পর সেগুলো বন্ধ করে রাখবে এবং  
অপরিচিত কোনো ব্যক্তির ডিভাইসের সাথে ডাটা ট্রান্সফার করবে না।

ঠিক আছে।  
তারপর?

তারপর পাবলিক ওয়াইফাই ব্যবহার থেকে  
যথাসম্ভব নিজেকে বিরত রাখার চেষ্টা করবে।

সামাজিক যোগাযোগ মাধ্যমের Privacy Settings এমন করে  
রাখবে যাতে তোমার তথ্য কেবল পরিচিত ব্যক্তির দেখতে পারে।

এছাড়া অপরিচিত কারো কাছ থেকে কোনো মেসেজ বা  
ইমেইল আসলে সেগুলো খুবই সাবধানে ওপেন করবে  
এবং কোনো লিংক থাকলে সেটি নিরাপদ লিংক কিনা  
তা নিশ্চিত না হয়ে কখনোই সেখানে প্রবেশ করবে না।

কেননা সেই লিংকে প্রবেশের মাধ্যমে তোমার ডিভাইসের প্রয়োজনীয়  
তথ্যগুলোতে অসাধু কোনো চক্র প্রবেশাধিকার পেয়ে যেতে পারে।

বুঝছো?

বুঝেছি। তোমাকে  
অনেক ধন্যবাদ।